ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৯১২

বিলোনীয়া, ২৪ জুলাই, ২০২৫

**জল জীবন মিশন প্রকল্পে রাজনগর ব্লকের ১৪০৭৩টি বাড়িতে পানীয় জলের সংযোগ**

জল জীবন মিশন-২.০ এর অধীনে পানীয় জল ও স্বাস্থ্য বিধান দপ্তর থেকে পাইপ লাইনের মাধ্যমে বাড়ি বাড়ি বিশুদ্ধ পানীয় জল সরবরাহের কাজ চলছে। এই প্রকল্পে চলতি অর্থবছরের এখন পর্যন্ত রাজনগর ব্লকে ৪৯ টি বাড়িতে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। এই ব্লক এলাকায় মোট বাড়ি রয়েছে ১৫ হাজার ২৯৮টি। এখন পর্যন্ত মোট ১৪ হাজার ৭৩টি বাড়িতে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। এই ব্লকে এখন পর্যন্ত ৯১.৯১ শতাংশ বাড়ি পানীয়জলের সংযোগের আওতায় এসেছে। অবশিষ্ট বাড়িগুলিতে ক্রমান্বয়ে সংযোগ প্রদান করা হবে। বিলোনীয়াস্থিত পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের নির্বাহী বাস্তুকারের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****